## জুলাই ২০২২মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৮.০৭.২০২২খ্রি.

সময় ঃ দুপুর ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃপরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

জুন ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জুন ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে জুন ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভাগীয় আলোচনা**

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর</td>
<td>
উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আমন মৌসুম চলছে। বর্ষা ও সেচের কারণে রোপা লাগানো দেরী হচ্ছে। বর্ষা না হওয়ায় সেচ দিতে হচ্ছে। তিনি বিএমডিএ, দিপবিস-২ ও বিএডিসি (সেচ)-কে সেচ চালু রাখার অনুরোধ জানান।<br>
তিনি আরও জানান যে, বোরো ও রোপার মাঝে আউশ ধান উঠবে তাই এবার অন্যান্য ইউনিয়নে আউশের চাষ করা হলেও খানপুর ইউনিয়নে একটানা ২৫-৩০ বিঘা জমিতে আউশ ধান লাগানো হয়েছে। এ ধানটি বিঘা প্রতি ২০ মন হতে পারে। <u>তিনি ফসলওয়ারী নিম্নবর্ণিত তথ্য উপস্থাপন করেনঃ</u>
<table>
<tr><th>ফসল</th><th>লক্ষ্যমাত্রা (হেঃ)</th><th>অর্জন (হেঃ)</th><th>কর্তন (হেঃ)</th></tr>
<tr><td>আমন</td><td>১৭৪৪৫<br>(উফশী-১৭২১৫ ও হাইব্রিড-২৩০)</td><td>১৫২০<br>চলমান</td><td>--</td></tr>
<tr><td>আউশ</td><td>২৭০</td><td>২৭০</td><td>১৩৫<br>ফলন-২.৮ টন/হে</td></tr>
<tr><td>গ্রীষ্মকালীন পেয়াজ</td><td>১২০টি<br>(প্রতিটি ১ বিঘা</td><td>৫০</td><td>চলমান</td></tr>
<tr><td>পাট</td><td>১৯০</td><td>১৯৫</td><td>৯০ হেঃ<br>(ফলন-১৩.২ বেল)</td></tr>
<tr><td>মরিচ</td><td>৪০</td><td>৪০</td><td>৩৫ হেঃ<br>(ফলন-২ টন/হে)</td></tr>
</table>
<u>তিনি সেচ সম্পর্কিত তথ্য নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেনঃ</u>
<table>
<tr><td rowspan="2">STW</td><td>ডিজেল চালিত</td><td>৩৫৫ টি</td><td>চলমান ১২৫টি</td></tr>
<tr><td>বিদ্যুৎ চালিত</td><td>৩৩০ টি</td><td>--</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট=</td><td>৬৮৫ টি</td><td></td></tr>
<tr><td rowspan="3">DTW</td><td>BADC</td><td>১২ টি</td><td>--</td></tr>
<tr><td>BMDA</td><td>৯৫ টি</td><td></td></tr>
<tr><td>Others</td><td>২৯৯ টি (ব্যক্তি মালিকানা)</td><td></td></tr>
<tr><td colspan="2">সর্বমোট=</td><td>৪০৬ টি</td><td></td></tr>
</table>
এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী এক ইঞ্চি জমিও ফাঁকা রাখা যাবে না। জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>
উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি আরও বলেন যে, সকলে মিলে আউশ ধান আবাদ করা হলে ধান ও চালের ঘাটতি থাকবে না। আউশ ধান ৯০ দিনের মধ্যে উঠানো যায়। গমে লাভ কম হওয়ায় কৃষকরা এবার সরিষা আবাদের প্রতি ঝুঁকেছে। এবার দ্বিগুন সরিয়ার ফলন হবে। ভুট্টার ফলনও ভাল হবে। কাটলায় ভুট্টা ও আউশ ধানের ফলন ভাল হয়। আগামী ১৫-২০ দিনের মধ্যে আউশ ধান কাটা হবে। ভুট্টা পোল্টি, মাছের খাদ্য, শিশু খাদ্য ও বেকারির খাবার হিসেবে বেশী ব্যবহার হয়।
</td>
<td>১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় বা নির্দেশনা অনুযায়ী কোন জমি ফাঁকা রাখা যাবে না এবং জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।।</td>
<td>১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর।</td>
</tr>
<tr>
<td>আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর</td>
<td>
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি কোভিড-১৯ টিকাদান সম্পর্কিত তথ্য নিম্নভাবে উপস্থাপন করেন।
<table>
<tr><th rowspan="2">ডোজ সংখ্যা</th><th colspan="3">অদ্য</th><th rowspan="2">পূর্বের জের</th><th rowspan="2">সর্বমোট</th><th rowspan="2">অর্জনের হার</th></tr>
<tr><th>পুরুষ</th><th>মহিলা</th><th>মোট</th></tr>
<tr><td>১ম</td><td>০৬</td><td>০৫</td><td>১১</td><td>১৫১৮৩৭</td><td>১৫১৮৪৮</td><td>৭৫.১৭%</td></tr>
<tr><td>২য়</td><td>২৩১</td><td>১৪৫</td><td>৩৭৬</td><td>১৪১৮১৩</td><td>১৪২১৮৯</td><td>৭০.৩৯%</td></tr>
<tr><td>৩য়</td><td>২৪৪৮</td><td>২৬৯৪</td><td>৫১৪২</td><td>২৯০৯৫</td><td>৩৪২৩৭</td><td>১৬.৯৪%</td></tr>
</table>
</td>
<td>১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ৩য় ডোজ বা বুস্টার ডোজের হার বাড়াতে হবে।</td>
<td>১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।</td>
</tr>
</table>

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর</td><td><u>টিকা মজুদের তথ্য নিম্নরূপঃ</u>
<table>
<tr><th>টিকার নাম</th><th>মোট প্রাপ্তি</th><th>মোট ব্যবহার</th><th>অবশিষ্ট</th></tr>
<tr><td>অ্যাস্ট্রাজেনেকা (কোভিশিল্ড)</td><td>৮১২৫০ ডোজ</td><td>৮১২৫০ ডোজ</td><td>--</td></tr>
<tr><td>ভেরোসেল (সিনোফার্ম)</td><td>১৫৫২০০ ডোজ</td><td>১৫৪৬৯৬ ডোজ</td><td>৫০৪ ডোজ</td></tr>
<tr><td>সিনোভ্যাক</td><td>৪৯২০০ ডোজ</td><td>৪২৭৩৬ ডোজ</td><td>৬৪৬৪ ডোজ</td></tr>
<tr><td>ফাইজার</td><td>৫৫৯৮০ ডোজ</td><td>৫০৮০৮ ডোজ</td><td>৫১৭২ ডোজ</td></tr>
</table>
এ ছাড়াও তিনি জানান যে, জুন ২০২২ মাসে অন্তঃ বিভাগে শিশুসহ রোগী ভর্তির সংখ্যা ৮১৫ জন, বহিঃ বিভাগে ৬,০২৮ জন এবং জরুরী বিভাগে ১,৫০৭ জন। হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা ১,৩২২ জন সর্বমোট রোগীর সংখ্যা ৭,৫৩৫ জন।<br>তিনি আরও জানান যে, আগস্ট ২০২২ মাস থেকে ৫-১২ বছর বয়সী শিশুদের টিকা প্রদান করার নির্দেশনা পাওয়া যেতে পারে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি পরিষ্কার পরিচ্ছন্ন করার উদ্যোগ গ্রহণের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গত এক মাসে ১৩২০টি গবাদি প্রাণির এবং ৪৪৩৩টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৩৮০ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৪৭টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়নি, হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়নি। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়েছে ০১টি।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উল্লেখ করেন যে, ইদ-উল-আযহা সুন্দরভাবে উদযাপিত হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে কোরবানীর বর্জ্য পরিষ্কার করায় মেয়র, বিরামপুর পৌরসভাকে ধন্যবাদ জানান। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর মোবাইল ভেটেরিনারি সেবা দেয়ার জন্য সরকারিভাবে গাড়ি পাওয়ায় প্রাণিসম্পদ দপ্তরকেও অভিনন্দন জানানো হয়।</td><td>১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.উপজেলা প্রাণিসম্পদ দপ্তর সরকারিভাবে গাড়ি পাওয়ায় অভিনন্দন জানানো হয়।</td><td>১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মাছ চাষে কমন সমস্যা এ্যামোনিয়াম গ্যাস। এই গ্যাসের কারণে মাছ মারা যায়। মাছ চাষীদের পুকুরে লবণ ও ছাই দেয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। বিরামপুরে চাষের মাছ বেশী। নদী-নালা, খাল-বিল থেকে আহরিত মাছের পরিমান ১ মেঃটঃ এরও কম। দেশী মাছের বিষয়ে জাতীয়ভাবে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। কারেন্ট জালের কারণে দেশী মাছ কমে যাচ্ছে। তিনি ব্রয়লার মুরগীর বিষ্টা এবং জবাই এর পরের বর্জ্য পুড়ে ফেলার জন্য ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার বিরামপুরে ১টি পুকুর নির্বাচন করে দেশী মাছের পোনা উৎপাদন করার উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান। খামার ব্যবস্থাপককে দেশী পোনা উৎপাদনের জন্য ১টি পুকুর ব্যবহার করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্যও তিনি অনুরোধ করেন।<br>খামার ব্যবস্থাপক, বিরামপুর সভায় জানান যে, তার ৮টি পুকুর আছে। তাদের নিজস্ব লক্ষ্যমাত্রা অর্জন করতে হয় সেকারণে পুকুর ছেড়ে দেয়া সম্ভব হবে না। তিনিও দেশী পোনা উৎপাদনের জন্য</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. কারেন্ট জাল জব্দকরণ অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩. ব্রয়লার মুরগীর বিষ্টা এবং জবাই এর পরের বর্জ্য পুড়ে ফেলার ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাসহ সংশ্লিষ্ট হাট-কমিটিকে অনুরোধ করা হয়।</td><td>১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা এবং হাট কমিটি (সকল), বিরামপুর।</td></tr>
</table>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না।<br>তবে স্টোর ইনচার্জ, BADC (সার), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, সার রাশিয়া ও ইউক্রেন থেকে আসে। দুই দেশের মধ্যে যুদ্ধ চলার কারণে সার সংকট রয়েছে। তিনি আরও জানান যে, নতুন গোডাউন হবে। বর্তমান গোডাউনে বড় গাড়ি আসার কারণে রাস্তাটি ভেঙ্গে যাচ্ছে। সে কারণে রাস্তাটি ব্যবহারে বিরামপুর পৌরসভার পক্ষ থেকে আপত্তি করা হয়েছে। নতুন গোডাউনটি হবে ৭,২০০ মেঃ টন ধারণ ক্ষমতাসম্পন্ন। ফলে এ গোডাউনটি চালু হলে রাস্তাটির উপর চাপ কমবে। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর রাস্তাটি RCC করার প্রস্তাব করেন। এ প্রেক্ষিতে স্টোর ইনচার্জ, BADC (সার), বিরামপুর রাস্তাটি সংস্কারের উদ্যোগ গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে রাস্তাটি সংস্কার করার উদ্যোগ গ্রহণ এবং নতুন গোডাউনের কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করা বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য স্টোর ইনচার্জ, BADC (সার), বিরামপুর,দিনাজপুরকে অনুরোধ করা হয়।<br>৩. মেয়র, বিরামপুর পৌরসভাকে উক্ত রাস্তাটি RCC করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১.সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, বিরামপুর উপজেলা সীমান্তবর্তী এলাকা হওয়ার জন্য মাদকের প্রসার বেশী। মোবাইল কোর্টের মাধ্যমে শাস্তি দেয়া হচ্ছে। সরকার মাদকের বিষয়ে খুব কঠোর অবস্থান গ্রহণ করেছে। মামলা করা হলে জামিনে এসে আবার একই পেশায় ফিরে যাচ্ছে। মাদকসেবীদের সংশোধনাগারে পাঠিয়েও কোন উন্নতি হচ্ছে না।<br>পরিবারকে মাদকমুক্ত করতে হবে। অতঃপর আস্তে আস্তে সব জায়গা থেকে মাদক উঠিয়ে ফেলা সম্ভব হবে। নির্মূল না হলেও কমে যেতে পারে। তবে সকলের প্রচেষ্টায় মাদক কমেছে। অফিসার ইনচার্জ, বিরামপুর থানা আরও জানান যে, আইন-শৃংখলা পরিস্থিতি ভাল আছে। সিসি ক্যামেরা দেয়ার কারণে পুরো শহর দেখতে পাচ্ছেন, ফলে সুবিধা হয়েছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ এই সিসি ক্যামেরার সাথে ইউনিয়ন পর্যায়ে সংযোগ দেয়া যায় কি-না? এর উত্তরে অফিসার ইনচার্জ, বিরামপুর থানা সম্মতি জানিয়ে বলেন যে, যেকোন ইউনিয়নের বাজারের সাথে সংযোগ করা যাবে। এতে ডিশ লাইনের সহযোগিতা লাগবে। কাটলা, বিনাইল ও জোতবানী ইউনিয়নে এবং পাঠনচড়ায় মোবাইল কোর্ট করা হলে মাদকের ব্যবহার কমে যাবে বলে তিনি আশা করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.কাটলা, বিনাইল ও জোতবানী ইউনিয়নে এবং পাঠনচড়ায় মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা<br>২. উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, বিরামপুর। |
| আলোচনাঃ ১৩<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ গতিশীল ও স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। বিনাইল ইউনিয়নে পুকুরের কারণে পাড় ভেঙ্গে শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হচ্ছে। পুকুরের মালিককে পাড় মজবুতভাবে মেরামত করার জন্য চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদকে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। এছাড়াও তিনি জানান যে, পলিখাপুর ও মাধুপুরে বিদ্যালয়ের জায়গায় পুকুর করার কারণে শিক্ষা প্রতিষ্ঠান ২টি ক্ষতিগ্রস্থ হচ্ছে। এ বিষয়ে জরুরীভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর এবং চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুরের দৃষ্টি আকর্ষণ করেন। রামকৃষ্ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জমির সমস্যার কারণে শহিদ মিনার হচ্ছে না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.বিদ্যালয়গুলো নিয়মিত মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩.সঠিক সময়ে শিক্ষকবৃন্দের শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম চলমান। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৪ উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ও জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। পুরস্কার বিতরণী অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান যে, শিক্ষকদের সাথে মিটিং করার পর শিক্ষা প্রতিষ্ঠানগুলো ভালভাবে চলছে এবং বিকেল ৪.০০ পর্যন্ত ক্লাস হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস রুটিন দেয়ার জন্য পুনরায় অনুরোধ করেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিভিন্ন ধরনের অভিযোগ দিচ্ছেন। শিক্ষার পরিবেশ রক্ষায় এসব বিষয়ে দ্রুত পদক্ষেপ নিতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর। |
| আলোচনাঃ ১৫ উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বর্ধিত কোটায় প্রতিবন্ধীদের জন্য বরাদ্দ আছে। যারা ভাতার আওতায় এখনও আসেনি তাদেরকে ভাতার আওতায় আনতে হবে। যারা জন্মগতভাবে বা দীর্ঘদিন অসুস্থ্যতার কারণে প্রতিবন্ধী তাদেরকে প্রতিবন্ধী বলা যাবে। প্রতিবন্ধী সন্তান পেনশন পাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, VGD এর বরাদ্দ এখনও আসেনি। একসাথে ২ মাসের দেয়া হবে। উপকারভোগীর তালিকা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তরসহ ইউনিয়ন পরিষদেও টানাতে হবে। মাতৃত্বকালীন ভাতার বরাদ্দ আসেনি তবে আসবে। অবহিতকরণ সভা ছাড়া কোন আবেদন নেয়া যাবে না। সেকারণে অবহিতকরণ সভা করতে হবে। সফটওয়ার খুলে দেয়া হয়নি। তিনি আগামী ০৮ আগস্ট ২০২২ তারিখে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২তম জন্মদিনের সকল অনুষ্ঠানে সবাইকে আমন্ত্রণ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ০৮ আগস্ট ২০২২ তারিখে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২তম জন্মদিনের সকল অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য উপস্থিত সবাইকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ১৮ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় জানান যে, শেখ রাসেল দিবস ২০২২ উপলক্ষ্যে এ বছর প্রথমবারের মত সর্বোচ্চ ১৮ বছর বয়সীদের ১০টি ক্ষেত্রে শেখ রাসেল পদক প্রদানের লক্ষ্যে ১০ জুলাই ২০২২ মধ্যে Online-এ আবেদনের লক্ষ্য অর্জিত হয়েছে। তিনি সভায় জাতীয় তথ্য বাতায়ন ১০০% যাদের নেই তাদের তালিকা করে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন মর্মে সভায় উল্লেখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জাতীয় তথ্য বাতায়ন ১০০% যাদের নেই তাদের তালিকা দ্রুত উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩. **শেখ রাসেল পদক প্রাপ্তির জন্য যোগ্য প্রার্থীদের ১০ জুলাই ২০২২ তারিখের মধ্যে Online-এ আবেদন করার লক্ষ্য অর্জিত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়।** | ১. সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২০ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে বরাদ্দ না পাওয়ায় প্রশিক্ষণ শুরু হয়নি। এছাড়াও ০৪ (চার) জন যুবকের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি থেকে সর্বমোট ৯,৬০,০০০/- (নয়লক্ষ ষাটহাজার) টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২০ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট=৫,৫৬,৮০০/-(পাঁচ লক্ষ ছাপ্পান্ন হাজার আটশত) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট=৫,০৮,৮০০/-(পাঁচ লক্ষ আট হাজার আটশত) টাকা এবং আদায় হার শতকরা ৯১%।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, আত্মকর্মসংস্থান কর্মসূচির ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =২,৬০,১৬,০০০/- (দুই কোটি ষাট লক্ষ ষোল হাজার) টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট=২,২৮,৯৭,৯০০/-(দুই কোটি সাআটাশ লক্ষ সাতানব্বই হাজার নয়শত) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট=২,০৫,০২,৬৭৬/-(দুই কোটি পাঁচ লক্ষ দুই হাজার ছয়শত ছিয়াত্তর) টাকা এবং আদায় হার শতকরা ৯০%। | | |
| আলোচনাঃ ২১ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, জনবল সংকট সত্তেও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, জনবল সংকটের কারণে পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন আশানুরূপ হচ্ছে না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২২ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১৮২টি টিউবওয়েল বসানোর কাজ আগামী মাসে শুরু হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |
| আলোচনাঃ ২৩ উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। এখনও বরাদ্দ আসেনি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৪ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। আদমশুমারী বিষয়ে কোন অভিযোগ আসেনি। জনসংখ্যার তথ্য আসা মাত্রই জানানো হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৬ বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় বন বিভাগ সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৭ উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর ইউনিয়ন পর্যায়ে গিয়ে কাজ করছেন মর্মে জানিয়েছেন। আজ বিনাইল ও জোতবানী ইউনিয়নে কাজ করছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮ উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুরের পক্ষে উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তিনি বিদ্যালয় পরিদর্শনে গেছেন। তাকে মাসে ৫টি বিদ্যালয় পরিদর্শন করতে হয়। উপজেলা শিক্ষা অফিসারকে ৫টি এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারকে ১০টি বিদ্যালয় পরিদর্শন করতে হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ২৯ পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩০ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। | ১. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |



ASMA - Bibith

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩১ Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF)বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, ১৯.০৭.২০২২ খ্রি. তারিখের ECNEC সভায় ডিসেম্বর ২০২৪ খ্রি. পর্যন্ত এই প্রকল্পের মেয়াদ বাড়ানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br>২. পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মেয়াদ বাড়ালেও উপজেলা পরিষদ কমিটির (স্ট্যান্ডিং কমিটি) সভা নিয়মিতভাবে করা না হয় তাহলে উপজেলা পরিষদের মূল্যায়নকালে এই উপজেলা নাও টিকতে পারে। তাই তিনি উপজেলা ভাইস-চেয়ারম্যানদ্বয় ও সদস্য-সচিবগণকে নিয়মিতভাবে উপজেলা পরিষদ কমিটির সভা করে নিজ নিজ দপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করেন। পাশাপাশি হার্ডকপি তার দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ভাইস-চেয়ারম্যানদ্বয় ও সদস্য-সচিবগণকে নিয়মিতভাবে উপজেলা পরিষদ কমিটির (স্ট্যান্ডিং কমিটি) সভা করে নিজ নিজ দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার এবং হার্ডকপি উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি তদারকি করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. Upazila Development Facilitator বিরামপুর, দিনাজপুর<br>২. ভাইস-চেয়ারম্যানদ্বয় ও সদস্য-সচিবগণ, উপজেলা পরিষদ কমিটি ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর . |
| | ৩. INF-2019-20-552710-03 নং-মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু ও নীচু বেঞ্চ বিতরণ প্রকল্পের সররাহকারী প্রতিষ্ঠান এখন পর্যন্ত বেঞ্চ সরবরাহ করেন নাই। তাই সররাহকারী প্রতিষ্ঠানটিকে এই বিষয়ে তাগিদ দেয়া অথবা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ জন্য অনুরোধ করা হয়।<br>INF-2019-20-552710-04 নং প্রকল্প (মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণ) এই অনুমোদিত প্রকল্পটির প্রাক্কলন অনুযায়ী বর্তমানে বাজারে না পাওয়ার কারণে ঠিকাদার সরবরাহ করতে পারছে না। তাই সে মোতাবেক একই প্রকল্পের উক্ত অনুমোদিত পরিমান টাকার মধ্যে নতুন করে ল্যাপটপ এর পরিবর্তে কম্পিউটার ও মাল্টিমিডিয়ার প্রাক্কলন তৈরী করে প্রস্তাবনা অনুমোদনের জন্য প্রকল্প অফিসে ১০.০৪.২০০২২ তারিখে পাঠানো হয়েছিল। ২৫.০৭.২০২২ তারিখে প্রকল্প অফিস থেকে টেলিফোনিক বার্তায় জানানো হয় যে, এখান থেকে ১০ লক্ষ টাকার (ভ্যাট ও আয়কর বাদে) নীচে কোন প্যাকেজ করা যাবে না। সেকারণে নির্দেশনানুযায়ী সংশোধিত ১০ লক্ষ টাকার প্রাক্কলন (যত তাড়াতাড়ি সম্ভব) পাঠানোর জন্য তিনি অনুরোধ করেন। এই বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করেন।<br>৪. ৫ম পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের সংশোধিত প্রস্তাবনা অনুমোদনের জন্য প্রকল্প অফিসে পাঠানো হয়েছে। অনুমোদন পাওয়ার পর তা বাস্তবায়ন করা হবে।<br>৫. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প থেকে ২০১৮-২০১৯ অর্থ বছরের আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবা গ্রহীতাদের জন্য একটি বিশ্রাম কক্ষ নির্মাণ করে গত বছর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নিকট হস্তান্তর করা হয়। কিন্তু এটি বন্ধ থাকার কারণে সেবা গ্রহীতারা এর সুবিধা পাচ্ছে না। তিনি এটি দ্রুত খুলে দেয়ার জন্য অনুরোধ জানান। এ প্রসঙ্গে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরের সাথে আলোচনায় জানা যায় বসার মত কোন চেয়ার বেঞ্চ না থাকায় কক্ষটি ব্যবহার করা যাচ্ছে না। অভ্যর্থনা কক্ষটি বসার উপযোগী করে খুব শীঘ্রই খুলে দেয়া হবে।<br>৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের জন্য বিরামপুর উপজেলার ২০২২ সাল থেকে পরবর্তী ৫ বছরের জন্য একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরী করা একান্ত প্রয়োজন হওয়ায় পর পর ২টি সভায় এ বিসয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কিন্তু এ বিষয়ে কোন দপ্তর থেকে কোন প্রস্তাবনা পাওয়া যায়নি। উল্লেখ্য উপজেলা | ৩. দ্রুত চাহিদা মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৪. অনুমোদন প্রাপ্তির পর তা দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরকে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>৬. ২০২২ সাল থেকে পরবর্তী ৫ বছরের জন্য একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রস্তুত করে আগামী ২৪.০৮.২০২২ খ্রি. তারিখের মধ্যে সভাপতি ও সদস্য-সচিব, উপজেলা স্থায়ী কমিটি এবং স্ব স্ব দপ্তর প্রধানকে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরের দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | ৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর<br>৪. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br>৬. উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভাপতি ও সদস্য-সচিব, উপজেলা স্থায়ী কমিটি এবং স্ব স্ব দপ্তর প্রধান। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩১ Upazila Governance and Development Project (UGDP) | পরিচালন ও উন্নয়ন প্রকল্পের পরবর্তী উপজেলা পরিষদের মূল্যায়নকালে এ বিষয়ে কোন নম্বর সংযোজন হবে না ফলে এ উপজেলা পয়েন্টের দিক থেকে পিছিয়ে পড়বে। তিনি পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রস্তুত করার জন্য সকলকে পুনরায় অনুরোধ করেন। | | |
| আলোচনাঃ ৩২ তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর উঠান বৈঠকের কার্যক্রম গ্রহণের জন্য মাঠে রয়েছেন মর্মে অবহিত করেছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩ জেলা পরিষদ দিনাজপুর | জেলা পরিষদের ২ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সদস্য, জেলা পরিষদ। |
| আলোচনাঃ ৩৪ মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি মুকুন্দপুর কমিউনিটি ক্লিনিকের রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৫ কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬ খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, ধানজুড়ি মিশনের পূর্বদিকে যে খেলার মাঠে দীর্ঘদিন ধরে খেলাধুলা হয় সে মাঠের পাশের বাগান কেটে ফেলার কারণে মাঠে ছায়া নেই। সেকারণে ব্যক্তিগতভাবে গাছ লাগানো হয়েছিল। রেঞ্জ কর্মকর্তা একসারি গাছ লাগানোর অনুমতিও দিয়েছিলেন। এখন গাছগুলো উঠিয়ে নিতে বলছেন। গাছ উঠানো না হলে গণহারে মামলা দিবেন মর্মে জানিয়েছেন। তিনি প্রতিকার চান।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুরের সাথে আলোচনা করে প্রকৃত তথ্য উদঘাটন করে বিষয়টি সমাধান করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.আলোচনা সাপেক্ষে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭ দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদবিরামপুর। |
| আলোচনাঃ ৩৮ বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বিনাইল গৃহহীনদের ঘরগুলোতে বিদ্যুৎ সংযোগ প্রদানের অনুরোধ জানান। তিনি আরও জানান যে, এবার বেহৈলী ব্রীজটির এ্যাংগেল চুরি হয়েছে। কে বা কারা চুরি করেছে তা জানা যায়নি। এ ব্রীজটি ভেঙ্গে গেলে বিরামপুরের সাথে বিনাইলের আর কোন যোগাযোগ করা যাবে না। ফুলবাড়ি হয়ে বিরামপুরে আসতে হবে।<br>উপজেলা প্রকৌশলী, বিরামপুর জানান যে, নিয়মিত ব্রীজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। একনেকের সভায় অনুমোদন হলে সয়াল টেস্ট করতে হবে তারপর ব্রীজ নির্মাণের প্রক্রিয়া শুরু হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯ জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪০<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যের মধ্যে জনাব আন্জুরা পারভীন উপস্থিত রয়েছে এবং তিনি শুভেচ্ছা জানান। অপর ২ জন অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪২<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৩<br>বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় সংক্রান্ত পরিপত্রটি সভায় পাঠ করে শোনান। তিনি জানান যে, ৮০% অর্থ ব্যয় করা যাবে। বিদ্যুৎ বিলের বরাদ্দে ২০% অর্থ কম বরাদ্দ দেয়া হবে। এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না। এছাড়াও সরকারি গাড়িতে ২০% তেল কম ব্যবহার করতে হবে।<br>(খ) উপজেলা স্থায়ী কমিটির সভা করে কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা নিজ নিজ দপ্তরের ওয়েবপোর্টালে আপলোড করে উপজেজলা নির্বাহী অফিসারের দপ্তরে হার্ড কপি দেয়ার জন্য অনুরোধ করেন। সহকারী প্রোগ্রামারকে ওয়েবপোর্টালের তথ্য জানানোর জন্য অনুরোধ করেন।<br>(গ) প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের জন্য নির্ধারিত স্থানে গাছ রয়েছে। উক্ত গাছ কাটার অনুমতি চেয়ে জেলা প্রশাসক, দিনাজপুরের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করতে হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন।<br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা পরিষদ অডিটরিয়ামের ভাড়া পুনঃনির্ধারণের প্রস্তাব করেন।<br>i.সরকারি দপ্তরের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা (ছোট ২-৩ ঘন্টা) এবং ১,০০০/- (একহাজার) টাকা (দিনব্যাপী ৪-৬ ঘন্টা) অনুষ্ঠানের জন্য।<br>ii. সরকারি দপ্তরের বাহিরে যারা ব্যবহার করবেন তাদের জন্য ২,৫০০/-(দুইহাজার পাঁচশত) টাকা।<br>(ঙ) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুরের অফিস কক্ষের, উপজেলা নির্বাহী অফিসারের অফিসকক্ষের চেয়ার-টেবিল ক্রয়, ৩য় তলার সভাকক্ষের চেয়ার ক্রয় এবং নীচতলার অডিটরিয়ামের চেয়ার ক্রয় ও মেরামত করা একান্ত প্রয়োজন।<br>১. **প্রকল্পের নামঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুরের অফিস কক্ষের ও উপজেলা নির্বাহী অফিসারের অফিসকক্ষের চেয়ার-টেবিল ক্রয় প্রকল্প। এতে সম্ভাব্য ব্যয় হবে।<br>**=২,০০,০০০/- টাকা।**<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. জনাব মোঃ হুমায়ুন কবীর বাদশা, চেয়ারম্যান,বিনাইল ইউপি- প্রকল্প সভাপতি<br>২. জনাব শ্রী পলাশ কুমার মন্ডল, সদস্য, পলিপ্রয়াগপুর ইউপি- প্রকল্প সেক্রেটারি<br>৩. জনাব একলাসুর রহমান, সদস্য দিওড় ইউপি- সদস্য<br>৪. মোছাঃ সুলতানা পারভীন, সদস্যা- সদস্য<br>৫. জনাব মোঃ জামাল হোসেন, সদস্য, মুকুন্দপুর ইউপি- সদস্য | ক.সরকারি নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ সাশ্রয় ও অর্থ ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**খ.** উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে হার্ড কপি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সহকারী প্রোগ্রামারকে বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করা হয়।<br>**(গ)** প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের জন্য নির্ধারিত স্থানের গাছ কর্তনের অনুমতির জন্য রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুরকে মূল্য নির্ধারণ করার এবং মূল্য নির্ধারণের প্রতিবেদনসহ অনুমতি চেয়ে জেলা প্রশাসক, দিনাজপুরের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**(ঘ)** সরকারি দপ্তরসমূহের ছোট অনুষ্ঠানের জন্য ৫০০/-(পাঁচশত) এবং দিনব্যাপী অনুষ্ঠানের জন্য ১,০০০/- (একহাজার) টাকা এবং সরকারি দপ্তরের বাহিরে যারা ব্যবহার করবেন তাদের জন্য ২,৫০০/-(দুইহাজার পাঁচশত) টাকা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**(ঙ)** উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর কর্তৃক উপস্থাপিত প্রস্তাবগুলো সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত PIC এর মাধ্যমে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ক. সংশ্লিষ্ট সকল বিরামপুর।<br>খ. ভাইস-চেয়ারম্যা ও সভাপতি এবং সদস্য-সচিবগণ, উপজেলা পরিষদ স্থায়ী কমিটি।<br>(গ) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর এবং রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর।<br>(ঘ)উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর<br>(ঙ) উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪৩<br>বিবিধ | ২. **প্রকল্পের নামঃ ৩য় তলার সভাকক্ষের চেয়ার ক্রয় প্রকল্প।**<br>**এতে সম্ভাব্য ব্যয় হবে =১,০০,০০০/- টাকা।**<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. মোঃ ইউনুস আলী, চেয়ারম্যান,কাটলা- প্রকল্প সভাপতি<br>২. পারুল বেগম, সদস্য, কাটলা ইউপি- প্রকল্প সেক্রেটারি<br>৩. মোঃ মইনুল ইসলাম, সদস্য, কাটলা- সদস্য<br>৪. মোঃ আস্তাজ আলী, সদস্য, দিওড় ইউপি- সদস্য<br>৫. মোঃ সাজেদুর রহমান, সদস্য, কাটলা ইউপি- সদস্য | (ঙ)(২) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর কর্তৃক উপস্থাপিত প্রস্তাবগুলো সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত PIC এর মাধ্যমে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | (ঙ)(২) উপজেলা প্রকৌশলী<br>বিরামপুর, দিনাজপুর। |
| | ৩. উপজেলা পরিষদ অডিটরিয়ামের চেয়ার মেরামত/সংস্কার করার জন্য সম্ভাব্য ব্যয় হবে =৫০,০০০/-টাকা।<br>উক্ত চেয়ার-টেবিল ক্রয় এবং চেয়ার সংস্কার/মেরামত কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন। | (ঙ)(৩) উপজেলা পরিষদ অডিটরিয়ামের চেয়ার মেরামত/সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (ঙ)(৩) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |
| | চ. জরুরীভিত্তিতে উপজেলা পরিষদ চত্বরের আগাছা পরিষ্কার করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ২৫,০০০/- (পঁচিশহাজার) টাকা। | **চ.** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ভ) বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | (চ) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |

৫. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের ন্য সভায় উপস্থাপন করা হয়।

**জুন/২০২২ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের জুন/২০২২ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া এবং ভ্রমণভাতা প্রদান | =৫৩,৭৫০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের জুন/২০২২ মাসের সম্মানীভাতা এবং ভ্রমণভাতা প্রদান | =৬৮,০০০/- |
| ০৩ | জুলাই/২১ হতে জুন/২২ পর্যন্ত ২০২১-২০২২ অর্থবছরের ১২ মাসের ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের সভাপতিত্বে অনুষ্ঠিত উপজেলা পরিষদ (স্থায়ী) কমিটির সভার আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | ৯৫,৮৩২/- |
| ০৪ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের জুন/২০২২ মাসের ২৬ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী এবং ইদ-উল-আযহার উৎসব ভাতা প্রদান। ( ১৫,৯৫০+১৫,৯৫০)=৩১,৯০০/- টাকা এবং ১৬,৫০০/- | =৩১,৯০০/-<br>১৬,৫০০/- |
| ০৫ | জুন/২০২২আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৬ | জুন/২০২২আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৭ | মেসার্স শর্মিলী ফিলিং স্টেশন, ফুলবাড়ি, দিনাজপুরকে এপ্রিল-জুন/২০২২ পর্যন্ত ৩ মাসের জ্বালানী ব্যয় ব্যয় বাবদ প্রদান | ৭৪,৮২১/- |
| ০৮ | এপ্রিল-জুন/২০২২ পর্যন্ত ৩ মাসের জ্বালানী ব্যয়ের ৫% ভ্যাট জমা | ৩,৭৪১/- |
| ০৯ | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুরকে ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ হতে ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত পৌর হোল্ডিং কর পরিশোধ বাবদ প্রদান। (অবিনিময়ে চেকের মাধ্যমে)। | ১৫,৭২,৫০০/- |
| ১০ | জনাব মোঃ মকলেছার রহমান, অফিস সহকারীকে ৬টি ফ্যান ক্রয় বাবদ প্রদান (ভ্যাট ও আয়করসহ) | ২২,২০০/- |
| ১১ | এপ্রিল/২০২২ মাসের সিদ্ধান্ত মোতাবেক জোড়াবাড়ির ফেব্রুয়ারি হতে জুন/২০২২ পর্যন্ত ০৫ (পাঁচ) মাসের ভাড়া প্রদান(অবিনিময়ে চেকের মাধ্যমে)। | ২০,০০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি বলেন যে, কোর্ট বিল্ডিং ভেঙ্গে চারতলা বিল্ডিং হবে। বিল্ডিংটি এখানে না করে স্থান পরিবর্তন করে অন্যত্র করার প্রস্তাব করেন। কারণ প্রশাসনিক ভবন করা হলে প্রশাসনিক ভবন দৃশ্যমান হতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য তিনি অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, কোর্ট বিল্ডিং ভেঙ্গে কত তলা বিল্ডিং হবে তা জানা যায়নি। তবে ক্রটি নির্মাণের লক্ষ্যে প্রস্তাব চেয়েছে। অনুমোদন পেলে তা সুবিধাজনক স্থানে নির্মাণ করা যাবে। এ লক্ষ্যে গণপূর্ত বিভাগ থেকে যে ছকে তথ্য প্রদান করা হয়েছে সে নির্ধারিত ছক দ্রুত পেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৭/২২

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২২.৯২৪/১(৫০) তারিখঃ ০৭.০৮.২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব ..............................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা..............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, ................................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব ............................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৭.০৮.২২

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd